৩/৮/২০০১

**দৈনিক ইনকিলাব**

তারিখ ... পৃঃ ৮ কলাম ৬

# বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড
## বখশি বাজার, ঢাকা

নং কমন ঃ ২৭৯ | তাং ঃ ২৬-০৭-২০০১

# ভর্তি বিজ্ঞপ্তি

**বিষয় ঃ ২০০১-২০০২ শিক্ষাবর্ষে আলিম ১ম বর্ষে ভর্তি**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে জানান যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ২৩-০৮-৯৮ ইং তারিখের শিম/শা-১০ বিবিধ ১৫-১৫/৯৬ ইং নং স্মারক সম্বলিত পরিপত্রের আলোকে এবং গৃহীত সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত নিয়মাবলীর ভিত্তিতে ২০০১-২০০২ শিক্ষাবর্ষে আলিম ১ম বর্ষে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে।

(১) শিক্ষা মন্ত্রণালয়ের ২০-০৪-৯৭ তারিখের নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামো, শিক্ষকের সংখ্যা, শ্রেণীকক্ষে ছাত্র/ছাত্রী প্রতি ১ (এক) বর্গমিটার জায়গা ইত্যাদি হিসাবে যে সংখ্যক আসনে ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে তার সংখ্যা বিজ্ঞপ্তির মাধ্যমে ঘোষণা দিতে হবে। শ্রেণীকক্ষে স্থান সংকুলানের অতিরিক্ত ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।

(২) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য সরকার কর্তৃক নির্ধারিত কোটা বা আসন ব্যতীত অন্য কোন কোটা বা আসন সংরক্ষণ করা যাবে না।

(৩) ভর্তির জন্য ছাত্র/ছাত্রীদের মাদ্‌রাসার নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ভর্তি ফরমে পিতার নামের পাশাপাশি মাতার নামও থাকবে। ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের নিকট হতে ভর্তির আবেদন ফরমের মূল্য বাবদ ১০/- (দশ) টাকা এবং ভর্তি পরীক্ষা পরিচালনার ব্যয় নির্বাহের জন্য অতিরিক্ত ৫০/- টাকা অর্থাৎ সর্বমোট ৬০/- (ষাট) টাকা গ্রহণ করা যাবে। এই ফিস অবশ্যই প্রতিষ্ঠান প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত শিক্ষক/কর্মচারী স্বাক্ষরযুক্ত রসিদের মাধ্যমে আদায় করতে হবে। রসিদ ছাড়া কোর্স ফিস আদায় করা যাবে না।

(৪) **ভর্তির নীতিমালা ঃ**

(১) ২০০১ সনের দাখিল পরীক্ষায় সকল বিষয়ে ন্যূনতম 'ডি' গ্রেডপ্রাপ্ত ছাত্র/ছাত্রীরা আলিম প্রথম বর্ষে ভর্তি হতে পারবে। এছাড়া ন্যূনতম জিপিএ ১.৫ এবং এক বিষয়ে 'এফ' গ্রেডপ্রাপ্ত ছাত্র/ছাত্রীরা মাদ্‌রাসায় সাময়িকভাবে ভর্তি হতে পারবে। তবে এ ধরনের ছাত্র/ছাত্রী ২০০২ সনে 'এফ' গ্রেডপ্রাপ্ত বিষয়ে পরীক্ষা দিয়ে গ্রেড উন্নয়ন করতে না পারলে ভর্তি বাতিল করা যাবে।

(২) ১৯৯৮ হতে ২০০০ সন পর্যন্ত দাখিল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা আলিম ১ম বর্ষে ভর্তিযোগ্য বিবেচিত হবে।

(৩) ২০০১ সনের পূর্বে পাস করা সাধারণ ও বিজ্ঞান বিভাগের ছাত্র/ছাত্রীদের অতিরিক্ত বিষয় বাদে অন্যান্য বিষয়ে প্রাপ্ত মোট নম্বরের ১০% নিতে হবে, যা সর্বোচ্চ ১০০ হবে। ২০০১ সনের ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে প্রাপ্ত জিপিএ-কে ২০ (বিশ) দ্বারা গুণ করতে হবে, যা সর্বোচ্চ ১০০ হবে। এক বিষয়ে 'এফ' গ্রেডপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের 'এফ' পাওয়া বিষয় বাদ দিয়ে অবশিষ্ট ৬ (ছয়) বিষয়ের মোট গ্রেড পয়েন্টকে ৬ (ছয়) দিয়ে ভাগ করে গড় নম্বর বের করতে হবে। এই গড় নম্বরকে ২০ দ্বারা গুণ করে উপরোক্ত প্রাসঙ্গিক নম্বর নির্ধারণ করতে হবে। মুজাব্বিদ ও হিফজুল কোরআন বিভাগের ক্ষেত্রে ৭ দিয়ে ভাগ করতে হবে।

(৪) দাখিল পরীক্ষার বিজ্ঞান বিভাগ হতে আগত ছাত্র/ছাত্রীরা মানবিক শাখায় ভর্তি হতে পারবে। ভর্তির জন্য কোরআন, হাদিস, আরবী সাহিত্য, বাংলা, ইংরেজী, সাধারণ গণিত, সামাজিক বিজ্ঞান ও সাধারণ জ্ঞান বিষয়ে ৮০ নম্বরের পরীক্ষা দিতে হবে।

(ক) কোরআন-হাদিস- ২০, (খ) বাংলা- ১০, (গ) ইংরেজী- ১০, (ঘ) আরবী ১ম+২য়- ২০, (ঙ) গণিত- ১৫, (চ) ভূগোল ও অর্থনীতি- ১০।

(৫) ২০০১ সনের পূর্বে উত্তীর্ণ পরীক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরকে ১.২৫ দিয়ে গুণ করে ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বর নির্ধারণ করতে হবে।

(৬) ভর্তি পরীক্ষায় নির্বাচিত ছাত্র/ছাত্রীরা বোর্ড প্রদত্ত সময়সূচী অনুযায়ী নির্ধারিত ফিস জমা দিয়ে আলিম ১ম বর্ষে ভর্তি হতে পারবে।

(৭) কোড নম্বরের মাধ্যমে লিখিত ভর্তি পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করতে হবে। যেদিন ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে, সেদিনই উত্তরপত্র মূল্যায়ন করে ফলাফল প্রকাশ করতে হবে।

(৮) মূল একাডেমিক ট্রান্সক্রীপ্ট (শিক্ষাগত মূল্যায়নপত্র) নম্বরপত্র এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্র ছাড়া কোন অবস্থাতেই ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।

(৯) **ভর্তি, ক্লাস শুরু, শাখা/বিষয় পরিবর্তন ও আনুষঙ্গিক বিষয় ঃ**

| | | |
|---|---|---|
| (ক) | বিলম্ব ফি ছাড়া ভর্তি ও ব্যাংক ড্রাফট গ্রহণ করার শেষ তারিখ | ২৮-০৮-২০০১ |
| (খ) | ক্লাস শুরু করার তারিখ | ০১-০৯-২০০১ |
| (গ) | বিলম্ব ফি ছাড়া ভর্তিকৃত ছাত্র/ছাত্রীর টটলিস্ট, রেজিস্ট্রেশনের ব্যাংক ড্রাফট ও মূল একাডেমিক ট্রান্সক্রীপ্ট/মার্কশীট বোর্ডে জমা দেয়ার শেষ তারিখ | ০৬-০৯-২০০১ |
| (ঘ) | ছাত্র/ছাত্রী প্রতি ৬০ টাকা বিলম্ব ফিসহ ভর্তি ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | ১৩-০৯-২০০১ |
| (ঙ) | বিলম্ব ফিসহ ভর্তিকৃত ছাত্র/ছাত্রীর টটলিস্ট, রেজিঃ ফি জমাদানের ব্যাংক ড্রাফ্‌ট ও মূল একাডেমিক ট্রান্সক্রীপ্ট বোর্ডে জমা দেয়ার শেষ তারিখ | ২৭-০৯-২০০১ |
| (চ) | ব্যবহারিক ক্লাস শুরু করার তারিখ | ০৭-১০-২০০১ |
| (ছ) | শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ছাত্র/ছাত্রীদের তালিকা বোর্ডে প্রেরণের শেষ তারিখ | ২৭-১০-২০০১ |
| (জ) | শাখা/বিষয় পরিবর্তনকারী ছাত্র/ছাত্রীদের শাখা/বিষয় পরিবর্তনের শেষ তারিখ | ৩১-১০-২০০১ |
| (ঝ) | পূরণকৃত আরআইএফ বোর্ডে রেজিস্ট্রেশন শাখায় প্রেরণের শেষ তারিখ | ১৫-১১-২০০১ |

১২। **ভর্তির সময় ছাত্র/ছাত্রী প্রতি রেজিস্ট্রেশন ফি ও অন্যান্য ফি ঃ**

| | | |
|---|---|---|
| ১। | রেজিস্ট্রেশন ফি | ৩০/- |
| ২। | ক্রীড়া ফি | ১৫/- |
| ৩। | রোভার/গার্লস গাইড | ১০/- |

**(খ) ছাত্র/ছাত্রী প্রতি অন্যান্য অতিরিক্ত ফি (যার ক্ষেত্রে প্রযোজ্য) ঃ**

| | | |
|---|---|---|
| ১। | পাঠ বিরতি ফি | ১২০/- |
| ২। | বিলম্ব ভর্তি ফি | ৬০/- |
| ৩। | বিলম্ব রেজিস্ট্রেশন ফি | ৬০/- |

১৪। অনুমতি/স্বীকৃতিবিহীন কোন মাদ্‌রাসায় কোন অবস্থাতেই ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না। তাছাড়া অনুমোদিত শাখা/বিষয়েও ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না। অনুমোদনবিহীন মাদ্‌রাসায় কোন শাখায়/বিষয়ে ছাত্র/ছাত্রী ভর্তি করা হলে বোর্ড এর দায়িত্ব বহন করবে না। সংশ্লিষ্ট মাদ্‌রাসা প্রধানকে এর সকল দায়দায়িত্ব বহন করতে হবে

১৫। (ক) আলিম ১ম বর্ষে ভর্তির সময় ছাত্র/ছাত্রীদের দাখিল পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রীপ্ট/নম্বরপত্র মাদ্‌রাসা কর্তৃপক্ষকে জমা নিতে হবে। মূল একাডেমিক ট্রান্সক্রীপ্ট/নম্বরপত্র জমা নেয়া ছাড়া কোন ছাত্র/ছাত্রীকে কোন অবস্থাতেই ভর্তি করা যাবে না এবং জমাকৃত মূল একাডেমিক ট্রান্সক্রীপ্ট/নম্বরপত্র বোর্ডের অনুমতি ছাড়া ছাত্র/ছাত্রীকে ফেরৎ দেয়া যাবে না। তবে কোন ছাত্র/ছাত্রী ছাড়পত্রের মাধ্যমে অন্য মাদ্‌রাসায় ভর্তি বা আলিম পরীক্ষায় উত্তীর্ণ হলে তাকে মূল একাডেমিক ট্রান্সক্রীপ্ট/নম্বরপত্র ফেরৎ দেয়া যাবে।

(খ) মাদ্‌রাসা কর্তৃপক্ষকে জমাকৃত মূল একাডেমিক ট্রান্সক্রীপ্ট/নম্বরপত্র ও পূরণকৃত আরআইএফ, ১১ নং ক্রমিকে 'গ' ও 'ঙ' উল্লেখিত তারিখের মধ্যে রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর জমা দিতে হবে

১৬। মাদ্‌রাসা শিক্ষা বোর্ডের সাথে যোগাযোগের সময় নিজস্ব মাদ্‌রাসা কোড নম্বর সব সময় উল্লেখ করতে হবে

**মোঃ আব্দুল হামিদ মোল্লা**